

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছেঃ

তারিখ- ২৯ জুলাই, ২০১৭

আজ বিকালে বামপন্থী আন্দোলনের নেতা, বিশিষ্ট শিক্ষাবিদ ও সৃজনশীল সংস্কৃতির অন্যতম ধারক ও বাহক এবং প্রাক্তন বিধায়ক ও ত্রিপুরা বিধানসভার প্রাক্তন আধ্যক্ষ কমরেড অমরেন্দ্র শর্মা ধর্মনগরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। বেশ কিছুকাল ধরে তিনি বার্ষিক্যজনিত রোগে শয্যাশায়ী ছিলেন।

তাঁর মৃত্যুতে সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

কমরেড অমরেন্দ্র শর্মা ডি এন বিদ্যামন্দিরের প্রধান শিক্ষক থাকার সময় বেসরকারি শিক্ষক সমিতির আন্দোলনের মাধ্যমে পার্টির সংস্পর্শে আসেন। ১৯৭২ সালে সি পি আই (এম) সমর্থিত নির্দল হিসাবে তিনি বিধানসভায় নির্বাচিত হন। তার পর ১৯৭৮ ও ১৯৮৩ সালের নির্বাচনে তিনি জয়ী হয়ে বিধানসভায় আসেন। ১৯৮৩ থেকে ১৯৮৮ সাল পর্যন্ত তিনি বিধানসভার আধ্যক্ষের দায়িত্ব অত্যন্ত দক্ষতার সঙ্গে প্রতিপালন করেন।

কমরেড অমরেন্দ্র শর্মা ছিলেন একজন প্রথিতযশা শিক্ষাবিদ ও সাহিত্য-সংস্কৃতি আন্দোলনের পুরোধা নেতৃত্বদের একজন। শিক্ষা ও সাংস্কৃতিক অঙ্গনে সৃজনশীল কাজের জন্য তিনি বিদ্যাসাগর পুরস্কারে ভূষিত হন।

তাঁর সহজ-সরল জীবনযাত্রা, সততা ও সাধারণ মানুষের সঙ্গে সুমধুর ব্যবহার ও ঘনিষ্ঠ সম্পর্ক ত্রিপুরার জনগণের মনে তাঁকে চিরজীবী করে রাখবে।

২৯ জুলাই ২০১৭

সি পি আই (এম)

রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।